

Class – 3

Subject – 2<sup>nd</sup> Language Bengali

Chapter – অনুচ্ছেদ (Paragraph)

**Answer Sheet**

1. গৃহপালিত পশু বিষয়ক একটি অনুচ্ছেদ লেখোঃ-  
যেমন – গোরু

**গোরু**

গোরু আমাদের অতি পরিচিত উপকারী গৃহপালিত প্রাণী। এরা খুবই শান্ত প্রকৃতির হয়। গোরুর সারা শরীর ছোটো ছোটো উজ্জ্বল লোমে ঢাকা থাকে। গোরুর চারটি পা, দুটি চোখ, দুটি লম্বা কান, একটি নাক এবং মাথায় দুটি শিং আছে। একটি লম্বা লেজ এবং লেজের আগায় একগোছা চুল আছে। এই লেজ দিয়ে গোরু মশা-মাছি তাড়ায়। গোরুর পায়ের তলায় খুর আছে এবং খুর গুলি দুই ভাগে চেরা। গোরুর মুখের নিচের পাটিতে দাঁত আছে ওপরের পাটিতে কোনো দাঁত নেই। গোরু খড়, ছাতু, খৈল, ভূষি, ঘাস ইত্যাদি খায়। এরা সব খাবার প্রথমে না চিবিয়ে গিলে ফেলে এবং পরে চেবায় একে জাবর কাটা বলে। গোরু আমাদের অনেক উপকার করে, যেমন – গোরুর দুধ খুবই উপকারী। দুধ থেকে ঘি, মাখন, ছানা, দই, ক্ষীর প্রভৃতি তৈরি হয়। বলদ গোরু লাঙল ও গাড়ি টানে। গোরুর গোবর থেকে সার ও ঘুঁটে তৈরি হয়। গোরুর চামড়া দিয়ে জুতো ও ব্যাগ তৈরি হয়। গোরুকে হিন্দুরা দেবতা জ্ঞানে পূজা করে।

\*\*\*\*\*

2. জাতীয় বিষয়ক একটি অনুচ্ছেদ লেখোঃ-  
যেমন – ভারতের জাতীয় পাখি ময়ূর

## ভারতের জাতীয় পাখি ময়ূর

পাখিদের মধ্যে ময়ূরের সৌন্দর্য অতুলনীয়। অপরূপ সৌন্দর্যের জন্য ময়ূর আমাদের জাতীয় পাখি। ভারতের অধিকাংশ বনে জঙ্গলে এদের দেখতে পাওয়া যায়। ময়ূর বেশ বড়ো ধরণের পাখি। এদের গায়ের রঙ নীল ও সোনালী আভা যুক্ত। ময়ূরের ডানাকে পেখম বলে। পেখমে চক্র চিহ্ন আছে। এদের পালক গুলো দেখতে বেশ বড়ো হয়। এদের মাথায় ঝুঁটি থাকে। ময়ূরের গড়ন একটু লম্বাটে ধরণের হয়। ময়ূরের শরীরের সবচেয়ে আকর্ষণীয় জিনিস হল এদের দীর্ঘ পুচ্ছ। ময়ূর বর্ষাকালের পূর্বাভাষ বুঝতে পারে তাই বর্ষা বা মেঘ দেখলে পেখম মেলে নাচতে শুরু করে। ময়ূরকে বর্ষার দূত বলা হয়। এদের কণ্ঠস্বর বড়োই কর্কশ। ময়ূরের ডাককে কেকা বলে। ময়ূরকে সৌন্দর্যের পূজারী বলা হয় কারণ এরা সুন্দর জিনিস দেখলেই নিজের কথা ভুলে তার দিকে তাকিয়ে থাকে। ময়ূর বাসা বানাতে পারেনা। সামান্য ঝোপঝাড় পূর্ণ জঙ্গলে ময়ূর বসবাস করতে ভালোবাসে। মাটিতে গর্ত করে ময়ূর ডিম পাড়ে।

\*\*\*\*\*